



নং রেজিঃ/প্রশাসন-২/ ৪২০৫৯ - জি

তারিখ: ২৬/৮/ ১৪৩২ বঙ্গাব্দ
৮/১২/ ২০২৫ খ্রিস্টাব্দ

- ০১। সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০২। সকল হলের প্রভোস্ট/হোস্টেলের ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৩। সকল বিভাগের চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৪। সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৫। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৬। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৭। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৮। সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ০৯। অধ্যক্ষ, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১০। অধ্যক্ষ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১১। সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১২। ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৩। ডেপুটি রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৪। ডেপুটি রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৫। ডেপুটি রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৬। ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৫), ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৭। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ১৮। সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন।
- ১৯। সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি।
- ২০। সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরি কর্মচারী সমিতি।
- ২১। সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন।

প্রিয় মহোদয়,

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিন্ডিকেট (১৩-১১-২০২৪) কর্তৃক গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী (৩য় শ্রেণি ও ৪র্থ শ্রেণি) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিম্নে উল্লিখিতভাবে পরীক্ষা নেয়ার বিষয়ে সিন্ডিকেট (২৫-০৯-২০২৫) কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়:

০১. ৫ম গ্রেড হতে তদুর্ধ্ব পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষা নেয়া বা না নেয়ার বিষয়ে সিলেকশন বোর্ড সিদ্ধান্ত নিতে পারবেন। কোনো পদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা সরাসরিভাবে সংশ্লিষ্ট না হলে মৌখিক পরীক্ষা ২৫% নম্বর নেয়া হবে এবং লিখিত পরীক্ষা ৭৫% নম্বর বন্টনের ক্ষেত্রে সিলেকশন বোর্ড সিদ্ধান্ত নেবেন। টেকনিক্যাল পদের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নেয়া উচিত বলে কমিটি মনে করে।
০২. ২০তম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেড পর্যন্ত সরাসরি নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা বাধ্যতামূলক।
০৩. ১০ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেড-এ সরাসরি নিয়োগের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নিতে হবে। এ ক্ষেত্রে লিখিত পরীক্ষা ৪০% নম্বর, ব্যবহারিক পরীক্ষা ৩০% নম্বর ও মৌখিক পরীক্ষা ৩০% নম্বর। কোনো পদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা সরাসরিভাবে সংশ্লিষ্ট না হলে মৌখিক পরীক্ষা ৩০% নম্বর নেয়া হবে এবং লিখিত পরীক্ষা ৭০% নম্বর বন্টনের ক্ষেত্রে সিলেকশন বোর্ড সিদ্ধান্ত নেবেন। টেকনিক্যাল পদের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নেয়া উচিত বলে কমিটি মনে করে।
০৪. ১৬তম গ্রেড হতে ১১তম গ্রেড পর্যন্ত সরাসরি নিয়োগের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা বাধ্যতামূলক। ১৬তম গ্রেড হতে ১১তম গ্রেড পর্যন্ত টেকনিক্যাল/নন-টেকনিক্যাল কর্মচারীদের লিখিত পরীক্ষা ৪০% নম্বর, ব্যবহারিক পরীক্ষা ৩০% নম্বর ও মৌখিক পরীক্ষা ৩০% নম্বর।
০৫. ২০তম গ্রেড হতে ১৭তম গ্রেড পর্যন্ত সরাসরি নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা বাধ্যতামূলক। লিখিত পরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ ৩০% নম্বর ধরা যেতে পারে। পদের ধরনের ওপর নির্ভর করে ব্যবহারিক পরীক্ষা নেয়া বা না নেয়ার বিষয়ে সিলেকশন বোর্ড সিদ্ধান্ত নিবেন। এতদসঙ্গে সংশ্লিষ্ট নম্বর বন্টনের ক্ষেত্রেও সিলেকশন বোর্ড সিদ্ধান্ত নিবেন। কমিটি মনে করে যে, লিখিত পরীক্ষা নেয়ার ক্ষেত্রে পদের সাথে সামঞ্জস্যতাপূর্ণ শিক্ষাগত যোগ্যতাকে বিবেচনায় নিয়ে লিখিত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করা সমীচীন।
০৬. লিখিত পরীক্ষায় পাশকৃত (৪০% নম্বর) প্রার্থীর মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী পদের ৫(পাঁচ)গুণ প্রার্থীর মৌখিক পরীক্ষা নেয়া যেতে পারে বলে কমিটি সুপারিশ করে।
০৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ/অফিস প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে (যেমন-সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে)। চাকরিরত প্রার্থী যদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে তাহলে তাদের আবেদন বিবেচনা করা হবে না।

আপনার বিশ্বস্ত,